# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) দিল্লির ভয়াবহ বিস্ফোরণের ঘটনার তদন্তের দায়িত্ব এন আই এ'কে অর্পণ/ বিস্ফোরণের পেছনে থাকা ষড়যন্ত্রকারীদের কোনোভাবেই ক্ষমা করা হবে না বলে প্রধানমন্ত্রীর হুঁশিয়ারি/

(২) বোমা বিস্ফোরণের পর পরিস্থিতি পর্যালোচনার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রীর পৌরহিত্যে দিল্লিতে উচ্চস্তরীয় বৈঠক/

(৩) দিল্লির বিস্ফোরণের ঘটনাকে নিয়ে সামাজিক মাধ্যমে বিরূপ মন্তব্য করা লোকেদের গ্রেপ্তার করা হবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/ শিলচরে এই অভিযোগে এক ব্যক্তিকে আটক/

এবং

(৪) মিজোরামের ডাম্পা বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগ্রহণ আজ শান্তিপূর্ণভাবে সম্পন্ন/

--------------------------------------------------------------------------------

দিল্লির ভয়াবহ বিস্ফোরণের ঘটনার তদন্তের দায়িত্ব কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা- এন আই এ'কে অর্পণ করা হয়েছে । এই বিস্ফোরণের পেছনে থাকা ষড়যন্ত্রকারীদের কোনোভাবেই ক্ষমা করা হবে না বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সতর্ক করে দিয়েছেন । পার্বত্য রাষ্ট্র ভূটানের রাজধানী থিম্পু'র এক অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে- জড়িত প্রত্যেক দোষীর কঠোর শাস্তির ব্যবস্থা করা হবে । তিনি আরো বলেন যে- গতরাত থেকে তিনি দিল্লি বিস্ফোরণের ঘটনার তদন্তকারী সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ রেখে চলেছেন । তদন্তকারী সংস্থাসমূহ সমগ্র ঘটনার

কারণ অনুসন্ধান করতে সমর্থ হবে বলে তিনি নিশ্চিত করেছেন । ক্ষতিগ্রস্ত পরিবারগুলির দুঃখ তিনি অনুভব করতে পারছেন বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে- সমগ্র দেশ তাদের সঙ্গে রয়েছে ।

#বাইট# (মোদী)

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন যে- দিল্লি বিস্ফোরণে জড়িতদের বিচারের কাঠগড়ায় আনা হবে এবং তাদের কঠোর শাস্তির ব্যবস্থা করা হবে । নতুনদিল্লিতে আজ প্রতিরক্ষা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করে শ্রী সিং বলেন যে- দেশের প্রথমসারির তদন্তকারী সংস্থাসমূহ বিস্ফোরণের ঘটনার পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান করছে । তিনি বলেন যে- এই তদন্তের তথ্যাবলী শীঘ্রই জনসমক্ষে আসবে । তিনি গতকালের বিস্ফোরণে মৃত্যু হওয়া লোকেদের পরিবারবর্গের প্রতি গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন ।

উল্লেখ্য- দিল্লির লালকেল্লার কাছে গতকাল সন্ধ্যায় সংঘটিত এক শক্তিশালী বোমা বিস্ফোরণে কমপক্ষে আটজনের মৃত্যু হয়েছে । এবং ২৪ জনেরও বেশি লোক আহত হয়েছেন ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ তার নতুনদিল্লীর বাসভবনে এই বোমা বিস্ফোরণের পর পরিস্থিতি পর্যালোচনা করার উদ্দেশ্যে এক উচ্চ স্তরীয় বৈঠকে অংশ নেন । কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব , তদন্তকারী সংস্থার সঞ্চালক , দিল্লীর পুলিশ আয়ুক্ত ও জাতীয় তদন্তকারী সংস্থার সঞ্চালক প্রধান এই বৈঠকে অংশ গ্রহণ করেন । জম্মু কাশ্মীরের পুলিশের সঞ্চালক প্রধান ও ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে বৈঠকে অংশ নেন ।

---

আসামে সন্ত্রাসবাদ নির্মূল করার জন্যে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ ঘোষণা করেছেন । তিনি বলেন যে- দিল্লির ভয়াবহ বিস্ফোরণের ঘটনাকে নিয়ে সামাজিক মাধ্যমে উল্লাস প্রদর্শন করা লোকেদের প্রয়োজনে গ্রেপ্তার করা হবে । তারা আনন্দ-উল্লাস করে সন্ত্রাসবাদকে সমর্থন জানাচ্ছে বলে তিনি মন্তব্য করেছেন । এইসব লোকেদের তথ্য সংগ্রহ করে, তা পরীক্ষা করে, তাদের গ্রেপ্তার করতে আসাম পুলিশের সঞ্চালক প্রধানকে নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি

প্রকাশ করেছেন । দেশে যাতে সন্ত্রাসবাদ পুনরায় মাথা তুলতে না পারে, তারজন্যে জনসাধারণকে একজোট হতে হবে বলে তিনি মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------------------

এদিকে দিল্লির লালকেল্লার বিস্ফোরণের ঘটনাকে রাজনৈতিক রূপ দিতে সামাজিক মাধ্যমের পোষ্টে বিরূপ মন্তব্য করার অভিযোগে শিলচর রংপুরের দূর্গাপুর এলাকার একজন অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষককে আটক করা হয়েছে । বাঁশকান্দি এন এম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এই অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে দিল্লি বিস্ফোরণ সম্পর্কে সামাজিক মাধ্যমের একটি পোষ্টে বিরূপ মন্তব্য করার অভিযোগ উঠেছে ।

এদিকে কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পাল আজ এক সাংবাদিক সম্মেলনে অবসরপ্রাপ্ত শিক্ষক দিল্লি বিস্ফোরণের ঘটনাকে রাজনৈতিক রূপ দেওয়ার অপচেষ্টা করেছিলেন বলে অভিযোগ করেন । ইতিমধ্যে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে । এদিকে সমগ্র কাছাড় জেলায় হাই এলার্ট জারী করা হয়েছে বলে অতিরিক্ত পুলিশ সুপার শ্রী পাল জানিয়েছেন ।

শ্রীপাল আরো জানান ------ #বাইট#

---------------------------------------------------------------------------------------------

আসামের স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষক পদের প্রার্থীরা আগামী বৃহস্পতিবার নিযুক্তিপত্র লাভ করবে । রাজ্য সরকারের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে- আগামী ১৩ই নভেম্বর খানাপাড়ার পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে প্রার্থীদের নিযুক্তি পত্র প্রদান করা হবে । শিক্ষক পদের প্রার্থীদের নিজেদের পরিচয়পত্র সহ এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের সবোচ্চ অসামরিক পুরষ্কারের জন্য পোর্টেলের মাধ্যমে দরখাস্ত জমা শুরু হয়েছে । অসম বৈবভ , আসাম সৌরভ , অসম গৌরব নামে তিনটি পুরষ্কারের জন্য দরখাস্ত আসাম সিভিলিয়ান এয়ার্ডস . আসাম . গভ . ইন পোর্টেলে আগামী ২১ শে নভেম্বর পর্যন্ত জমা দেওয়া যাবে । আগামী পয়লা জানুয়ারী এই পুরষ্কারগুলির নামের তালিকা প্রকাশ করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার ১৩টি উপজাতি সম্প্রদায়ের জন্য পৃথক প্রশাসনিক কেন্দ্র তৈরির দাবী জানিয়ে ইন্ডেজেনাস পিপল্‌স ফোরাম- আই পি এফ'এর উদ্যোগে আজ হাফলঙে জেলা আয়ুক্তের কার্যালয়ের সামনে ধর্না কার্যসূচী পালন করা হয়েছে । আই পি এফ'এর প্রতিনিধি এল হিমা কেইভম সাংবাদিকদের এসম্পর্কে অভিযোগ করে বলেছেন যে- উত্তর কাছাড় পার্বত্য জেলার নাম পরিবর্তন করে ডিমা-হাসাও জেলা করার ফলে শুধুমাত্র একটি উপজাতি সম্প্রদায়ের পক্ষে রায় দেওয়া হয়েছে । আমাদের হাফলঙ সংবাদদাতা এইকথা জানিয়ে আরো বলেছেন যে- সংগঠনটি তাদের জন্য পৃথক জেলা গঠনের জন্যে দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছে বলেও তারা উল্লেখ করেছে ।

---------------------------------------------------------------------------------------

মিজোরামের ডাম্পা বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগ্রহণ আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে । এই বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত মোট সাতটি ভোটগ্রহণ কেন্দ্রে কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে এই ভোটগ্রহণ পর্ব সম্পন্ন হয়েছে । এপর্যন্ত পাওয়া খবে অনুযায়ী প্রায় ষাট শতাংশ ভোট পড়েছে বলে প্রাথমিকভাবে পাওয়া তথ্যে জানা গেছে । আমাদের আকাশবাণীর আইজল সংবাদদাতা জানিয়েছেন যে- নির্বাচনী কাজে নিয়োজিত আধিকারিকদের সূত্র অনুসারে দুয়েকটি ভোটগ্রহণ কেন্দ্রে ছোটখাটো যান্ত্রিক গোলযোগ ছাড়া ভোটগ্রহণ চলাকালীন কোনোস্থান থেকে কোনোধরণের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি । উল্লেখ্য- এই আসনে মোট কুড়ি হাজার ৭৯০ জন ভোটদাতা রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

স্বাধীনতা সংগ্রামী তথা আদিবাসী নেতা ভগবান বীরসা মুন্ডার ১৫০ তম জন্ম জয়ন্তী উপলক্ষে সমগ্র রাজ্যে জনজাতীয় গৌরব বর্ষ উদযাপনের অংগ হিসেবে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ কামরুপ জেলার মোট চার হাজার ৬৭৩ টি জনজাতি পরিবারকে ভূমি স্বত্ব পত্র বিতরণ করেন । বড়ো , রাভা , কার্বি ও গারো জনগোষ্ঠীর এই লোকেদের ভূমি সত্র পত্র প্রদান করে জনজাতি লোককে জমির অধিকার প্রদানের ক্ষেত্রে এটি অত্যন্ত গুরুত্বপূর্ন বলে তিনি অভিহিত করেন । তিনি বলেন যে বি টি সি , কার্বি আংলং সহ বিভিন্ন স্থানে জনজাতি লোকেরা সম্প্রতি জমির অধিকার লাভ করেছে । আসামের বনাঞ্চলগুলিতে বসবাস করা প্রত্যেক জনজাতি লোককে জমির অধিকার প্রদানের জন্য রাজ্য সরকার বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে আদিবাসী নেতা ভগবান বিরসা মুন্ডার ১৫০ তম জন্ম জয়ন্তী উপলক্ষে আগামী শনিবার শ্রীভূমি জেলায় বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে । পয়লা নভেম্বর থেকে ১৫ ই নভেম্বর পর্যন্ত জনজাতি গৌরব বর্ষ ও পক্ষ পালনের অংগ হিসেবে সমগ্র রাজ্যের সংগে শ্রীভূমি জেলায়ও ঐদিন বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।শ্রীভূমি জেলার ছাগলমোয়া ট্রাইব্যাল এম ই স্কুলে ঐদিন সকাল ১০ টা থেকে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে জনজাতি গৌরব দিবস পালন করা হবে । এদিকে এই দিবসের কার্যসূচী স্থির করতে আজ শ্রীভূমি জেলা উন্নয়ন আয়ুক্তের কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয় ।সভায় জেলা উন্নয়ন আয়ুক্ত প্রতিটি বিভাগের আধিকারিকদের এই দিবসের কার্যসূচী সফল করে তুলতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ নির্দেশ দেন ।

--------------------------------------------------------------------------------

আগরতলার মহারাজা বীর বিক্রম ষ্টেডিয়ামে অনুষ্ঠিত রঞ্জী ট্রফীর এলিট - সি গ্রুপের আসাম ও ত্রিপুরার মধ্যে খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে । আজ খেলার চতুর্থ তথা শেষ দিনে আসাম দ্বিতীয় ইনিংসে ৭ উইকেটে ৩৬৭ রান সংগ্রহ করে। আসাম এই খেলা থেকে ১ পয়েন্ট সংগ্রহ করে । আসামের হয়ে ডেনিস দাস ১০৩ ও শিবশংকর রায় অপরাজিত ১০১ রান করে । এলিট সি গ্রুপে আসাম এপর্যন্ত তিনটি খেলা থেকে ৪ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপের সপ্তম স্থানে রয়েছে ।

--------------------------------------------------------------------------------